বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট
www.barc.gov.bd
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.২৩

**বিষয়: বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [২.১] কার্যক্রম অনুসারে ৩য় ত্রৈমাসিকে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কাউন্সিলের বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে আয়োজিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [২.১] কার্যক্রম অনুসারে কাউন্সিলের বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক (জানু-মার্চ, ২০২৪) সভা ড. মো: ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি এর সভাপতিত্বে গত ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বিএআরসি'র সভাকক্ষ-১-এ অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০৫-০৩-২০২৪
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
+৮৮০২-৪১০২৫২৫২

সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ:**
যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়।

২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১২.২০.০০০০.০১৩.০৭.০০১.২৩.২৩/১ (৫)

অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য পরিচালক ও পরিচালক, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।;
২। উপসচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়;
৩। পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
৪। প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং
৫। সিনিয়র রিপ্রগ্রাফিক অফিসার, লাইব্রেরী এন্ড রিপ্রোগ্রাফিক শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল।

০৫-০৩-২০২৪
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কাউন্সিলের বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনায় কার্যক্রম [২.১] এর আওতায় ''সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা/বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন'' সংক্রান্ত অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| তারিখ ও সময় | : ২৯ ফেব্রুয়ারি ২০২৪; সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | : সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : পরিশিষ্ট 'ক' |

১। সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মো: আল মোবাচ্ছের হোসেন, প্রধান ট্রেনিং অফিসার, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কার্যক্রম [২.১] মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগ/ইউনিট/শাখার সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভার আয়োজন করা হয়েছে।

২। সভাপতি বলেন, বিএআরসি'র সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নে আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত সভাটি সেবাগ্রহীতাদের নির্ধারিত সময়ে মানসম্পন্ন সেবা পেতে অগ্রণী ভূমিকা পালন করছে। তিনি এ বিষয়ে কাউন্সিলের সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট কর্মকর্তা-কে সভার আলোচ্যসূচি মোতাবেক অগ্রগতি উপস্থাপনের অনুরোধ জানান।

৩। এ প্রসঙ্গে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নের অংশহিসেবে গত ১৯ ডিসেম্বর, ২০২৩ তারিখ কাউন্সিলের আওতাধীন বিভাগ, ইউনিট ও শাখার সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সভার কার্যবিবরণী সকল বিভাগ ও ইউনিটকে প্রেরণ করা হয়েছে।

৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২য় ত্রৈমাসিকে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্ত মোতাবেক কাউন্সিলের সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর সূচক অনুযায়ী বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন:

| ক্রম | আলোচ্যসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪. | **সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:** | |
| ৪ক | সিটিজেন চার্টারে নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য হালনাগাদকরণ করতে হবে; | (ক) সভার সিদ্ধান্ত মোতাবেক সিটিজেন চার্টারের প্রয়োজনীয় তথ্য হালনাগাদকরণ করা হয়েছে। |
| ৪খ | সিটিজেন চার্টারে ০২টি নতুন নাগরিক সেবা (১) সেমিনার/কর্মশালার জন্য ভেন্যু বরাদ্দ এবং (২) বাংলাদেশ উত্তম কৃষি চর্চার (GAP) মানদন্ড সরবরাহ অন্তর্ভুক্তি করতে হবে; | (খ) সভার সিদ্ধান্ত মোতাবেক সিটিজেন চার্টারে ০২টি নতুন নাগরিক সেবা অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ৪গ | সিটিজেন চার্টারে ০৪ টি নতুন দাপ্তরিক সেবা (১) এনএআরএসভূক্ত প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের ৩য় গ্রেডে নিয়োগ/পদোন্নতি; (২) পারসোনাল ডাটা সিট (PDS) সংক্রান্ত কারিগরি সহযোগিতা; (৩) বিভিন্ন সংস্থার সাথে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তুত এবং সমঝোতা স্মারকের ওপর মতামত প্রদান; এবং (৪) সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও বিদেশে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণের জন্য মনোনয়ন প্রদান ও জিও প্রক্রিয়াকরণ অন্তর্ভুক্তি করতে হবে; | (গ) সভার সিদ্ধান্ত মোতাবেক সিটিজেন চার্টারে ০৪টি নতুন দাপ্তরিক সেবা অন্তর্ভুক্ত করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৪ঘ | সিটিজেন চার্টারে ০৩টি নতুন অভ্যন্তরীণ সেবা (১) সেমিনার/কর্মশালা/ প্রশিক্ষণের জন্য ভেন্যু বরাদ্দ; (২) দৈনিক পত্রিকায় প্রকাশিত কৃষি সংক্রান্ত সংবাদ ও প্রবন্ধ ওয়েবসাইটে হালনাগাদ এবং কর্মকর্তাগণের নিকট প্রেরণ; এবং (৩) নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত অন্তর্ভুক্ত করতে হবে; | সভার সিদ্ধান্ত মোতাবেক সিটিজেন চার্টারে ০৩টি নতুন অভ্যন্তরীণ সেবা অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ৪ঙ | **২য় ত্রৈমাসিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন**<br>- ২য় ত্রৈমাসিকে সিটিজেন চার্টার আপডেটপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে হবে;<br>- কৃষি মন্ত্রণালয়ে সিটিজেন চার্টার আপডেট তথ্যসহ পূর্ববর্তী ও পরবর্তী স্ক্রীনশট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>- কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সূচক অনুযায়ী ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; | --২য় ত্রৈমাসিকে সিটিজেন চার্টার আপডেটপূর্বক যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।<br>--সিটিজেন চার্টার আপডেট তথ্যসহ পূর্ববর্তী ও পরবর্তী স্ক্রীনশট কৃষি মন্ত্রণালয়ের মনিটরিং ও রিপোর্টিং শাখায় যথাসময়ে প্রেরণ করা হয়েছে।<br>--কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সূচক অনুযায়ী ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ কৃষি মন্ত্রণালযে যথাসময়ে প্রেরণ করা হয়েছে। |

৫। তিনি এ বিষয়ে আরও বলেন কৃষি মন্ত্রণালয়ের কর্তৃক গত ৩০/০১/২০২৪ তারিখ আয়োজিত দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা ২য় প্রান্তিকের প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী মোতাবেক বিএআরসি'র সকল সূচকের তথ্য সঠিক আছে মর্মে উল্লেখ করা হয়।

৬। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের ৩য় ত্রৈমাসিক কর্মপরিকল্পনার সূচক অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও স্টেকহোল্ডার সমন্বয়ে সভা বিষয়ে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৬.১. কাউন্সিলের নাগরিক, দাপ্তরিক ও অভ্যন্তরীণ সেবা এর তথ্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য হালনাগাদ বিষয়ে আলোচনা করা হয়।

৬.২. ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৪)-এ সিটিজেন চার্টার হালনাগাকরণ এবং হালনাদকরণ পূর্ববর্তী ও পরবর্তী স্ক্রীণশট কৃষি মন্ত্রণালয় প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।

৬.৩. কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ৩য় ত্রৈমাসিক সকল সূচক বাস্তবায়নসহ অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ কৃষি মন্ত্রণালযে যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।

৬.৪. সিটিজেন চার্টার অনুযায়ী কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/শাখাকে নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মানসম্পন্ন সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়।

০৭। সিদ্ধান্ত: সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৭.১ | সিটিজেন চার্টারে দাপ্তরিক সেবা অন্তর্ভূক্ত বিভিন্ন সংস্থার সাথে সমঝোতা স্মারক (এমওইউ) প্রস্তুত এবং সমঝোতা স্মারকের ওপর মতামত প্রদান সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ড. এ বি এম খালদুন এর পরিবর্তে ড. মোঃ ইকবাল হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দ্বায়িত্ব), পরিকল্পনা ও মূল্যাযন বিভাগ এর তথ্য হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএআরসি |

| | | |
|---|---|---|
| ৭.২ | ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ ২০২৪)-এ সিটিজেন চার্টার হালনাগাকরণ এবং হালনাদকরণ পূর্ববর্তী ও পরবর্তী স্ক্রীণশট কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়। | ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএআরসি |
| ৭.৩ | কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ৩য় ত্রৈমাসিক সূচক অনুযায়ী যথাসময়ে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে; | ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিএআরসি |
| ৭.৪ | কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ৩য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ কৃষি মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়; | |
| ৭.৫ | সিটিজেন চার্টার অনুযায়ী কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/শাখাকে নির্ধারিত কার্যদিবসে সেবা গ্রহীতাদের মানসম্পন্ন সেবা প্রদান করতে হবে: | সকল বিভাগ, ইউনিট ও শাখা বিএআরসি |

০৮। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

৩/৩/২০২৪

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।